তাং ২২/৫/২০০৬
পৃষ্ঠা ১৬ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# গত বছর এসএসসি পরীক্ষায় সাড়ে ১৩শ' স্কুলের একজন ছাত্র-ছাত্রীও পাস করেনি

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক গতকাল রবিবার জাতীয় সংসদে জানান, গত বছর এসএসসি পরীক্ষায় দেশের সাড়ে ১৩শ' স্কুলের একজন ছাত্র-ছাত্রীও পাস করেনি। ৪শ' স্কুলে শতকরা ১০ ভাগেরও কম ছাত্র-ছাত্রী পাস করেছে। এসব স্কুলের এমপিওভুক্তি কেন বাতিল করা হবে না, সে মর্মে কারণ দর্শাও নোটিস জারি করা হয়েছে। অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের শতকরা ১শ' ভাগ বেতন সরকার কর্তৃক প্রদান বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার। অর্থায়ন সাপেক্ষে সরকার এই অঙ্গীকার পূরণ করবে। সংসদ কার্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. খন্দকার (১৫শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## গত বছর এসএসসি

(শেষ পৃঃ পর)

মোশাররফ হোসেন গতকাল জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে জানান, পর্যায়ক্রমে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির পরিকল্পনা সরকারের রয়েছে। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণে অর্থ সংকট ছিল, তবে বর্তমানে এই সংকট দূর হয়েছে। অপর এক প্রশ্নের জবাবে তিনি জানান, প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষক সংকট আছে। বর্তমানে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। এই প্রক্রিয়া সম্পন্ন হলে প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক দেয়া সম্ভব হবে। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক গতকাল জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে জানান, বর্তমানে স্কুল পরিদর্শন কার্যক্রম অকার্যকর হয়ে পড়েছে। স্কুল পরিদর্শন ও তদারকীর ভার স্থানীয়ভাবে গঠিত কমিটির ওপর ন্যস্ত করা হবে। প্রয়োজনে আরো কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসাসমূহে নতুন বিভাগ/ট্রেড খোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, চলতি অর্থ বছরে এখন পর্যন্ত নতুন কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়নি। চলতি অর্থ বছরে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।